

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত তহবিলে এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্যদের নিকট হতে বছরে দুই বার চাঁদা কর্তন করা হয়। এ তহবিল হতে কেবল এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্য চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত দাফন-কাফন/অস্ত্যেষ্টিক্রিয়া বাবদ এককালীন ৪০ হাজার টাকা ও মৃত্যুবরণ অথবা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এককালীন ১০ হাজার টাকাসহ প্রতিমাসে ১৫০০ টাকা করে ১৫ বছর পর্যন্ত কল্যাণ ভাতা সুবিধা পেয়ে থাকেন। এছাড়া বিশেষ ও ব্যয়বহুল, গুরুতর এবং সাধারণ চিকিৎসার ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্ত হন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিলের ব্যবস্থাপনা বোর্ডের ২০২৬ সালের ৩য় সভায় (এপ্রিল/২৬) ইসপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ও চেয়ারম্যান, বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড মহোদয়ের অনুমোদন সাপেক্ষে এসআই/সমমান হতে তদনিম্ন ৩১৬ জনের অনুকূলে সর্বমোট ১,৪৪,৩৫,৯০০/- (এক কোটি চুয়াল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার নয়শত টাকা) আর্থিক অনুদান নিম্নরূপ মঞ্জুর করা হয়:

১। ৩৩ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে মৃত্যুর তারিখ হতে ১৫ বছর পর্যন্ত এককালীন ও মাসিক ভাতা মোট ৬,২১,৯০০/- (ছয় লক্ষ একশ হাজার নয়শত) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৫ জন এসআই/সমমান, ০৭ জন এএসআই/সমমান, ২০ জন কনস্টেবল এবং ০১ জন নন-পুলিশ সদস্য।

২। ৩৩ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে দাফন-কাফন সংক্রান্ত মোট ১০,৮০,০০০/- (দশ লক্ষ আশি হাজার) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৫ জন এসআই/সমমান, ০৭ জন এএসআই/সমমান, ২০ জন কনস্টেবল এবং ০১ জন নন-পুলিশ সদস্য।

৪। ২৪১ জন পুলিশ/নন-পুলিশ সদস্যদের বিশেষ ও ব্যয়বহুল/গুরুতর/সাধারণ ক্যাটাগরিতে মোট ১,২৭,৩৪,০০০ (এক কোটি সাতাশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। তন্মধ্যে ৩৬ জন এসআই/সমমান, ৫০ জন এএসআই/সমমান, ১৩ জন নায়েক, ১৩১ জন কনস্টেবল এবং ১১ জন নন-পুলিশ সদস্য।

